

সেভ ফর কলেজ প্রোগ্রাম
থেকে পিতামাতা ও অভিভাবকের নাম প্রত্যাহার নোটিশ এবং ফর্ম

OFFICE NOTE: FOR KINDERGARTENERS AND NEWLY ENROLLED FIRST GRADERS [11/1/2022]

প্রিয় পিতামাতা/অভিভাবক:

NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন (“DOE”) অলাভজনক প্রতিষ্ঠান NYC কিডস্ রাইজ, ইনক্ (NYC Kids RISE, Inc.)-এর সাথে NYC কিডস্ রাইজ সেভ ফর কলেজ কর্মসূচিতে (“প্রোগ্রাম”) অংশীদারিত্ব করছে। এই বিনামূল্যের প্রোগ্রামটি যোগ্য শিক্ষার্থীদেরকে যোগ্য কলেজ এবং পেশাগত প্রশিক্ষণের জন্য অর্থ প্রদান করে। NYC কিডস্ রাইজ (NYC Kids RISE) কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রতিটি শিক্ষার্থীকে একটি “স্কলারশীপ অ্যাকাউন্টে” \$100 প্রদান করবে। অর্থায়নের উপর ভিত্তি করে, সিটি অফ নিউ ইয়র্ক এবং DOE এই বছর কর্মসূচি সম্প্রসারণ করছে এবং আপনার সন্তানের স্কুল অন্তর্ভুক্ত হবে। আরো তথ্যের জন্য, <http://nyckidsrise.org> দেখুন।

কর্মসূচির জন্য স্কলারশীপ অ্যাকাউন্টে আপনার সন্তানের অন্তর্ভুক্তি আপনাপনিভাবে কীভাবে গ্রহণ করবেন অথবা প্রত্যাহারের জন্য পদক্ষেপ নেবেন, সেবিষয়ে এই নোটিশে গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট নামক একটি ফেডারেল আইন, DOE-কে অনুমতি ব্যতীত কোনও শিক্ষার্থীর ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্য শেয়ার করা নিষিদ্ধ করেছে। কিন্তু, যদি আপনি নিষেধ না করেন, তবে আপনার এবং আপনার সন্তানের কিছু তথ্য DOE শেয়ার করতে পারে। এই বিস্তারিত তথ্যগুলোকে বলে “ডিরেক্টরি তথ্য” এই প্রোগ্রামে অংশ নিতে, NYC কিডস্ রাইজ এবং ভিস্টাশেয়ার (VistaShare) নামক একটি সংস্থার আপনার সন্তানের ডিরেক্টরি তথ্য প্রয়োজন। ডিরেক্টরি তথ্যে রয়েছে:

- প্রোগ্রামের জন্য শিক্ষার্থীর একটি অনন্য আইডেন্টিফিকেশন নম্বর
- পুরো নাম
- জন্মতারিখ
- বাড়ির ঠিকানা
- যদি বাড়ির ঠিকানা পরিবর্তন হয়ে থাকে
- বাড়ির ফোন নম্বর
- স্কুলের নাম
- বর্তমানে যে গ্রেডে রয়েছে
- বাড়িতে যে ভাষা(গুলোতে) কথা বলা হয়
- অন্য স্কুল থেকে ট্রান্সফার, যদি থাকে, উভয় NYC পাবলিক স্কুল ব্যবস্থার অভ্যন্তরে এবং বাইরে।

এছাড়াও, প্রত্যেক শিক্ষার্থীর দুজন পিতামাতা/অভিভাবকের নিম্নলিখিত তথ্যগুলো তাদের প্রয়োজন:

- প্রোগ্রামের জন্য পিতামাতার একটি অনন্য আইডেন্টিফিকেশন নাম্বার
- পুরো নাম
- ইমেইল ঠিকানা
- সেল এবং/অথবা অন্য ফোন নাম্বার

NYC কিডস্ রাইজ (NYC Kids RISE), অংশগ্রহণকারীদের তথ্য, একটি অনলাইন পোর্টাল, এবং টেকনিক্যাল সাপোর্ট প্রদানের জন্য ভিস্টাশেয়ার (VistaShare)-এর সাথে কাজ করে। NYC কিডস্ রাইজ এবং ভিস্টাশেয়ার শুধুমাত্র প্রোগ্রাম চালনা এবং পর্যালোচনার জন্য এই ডিরেক্টরি তথ্য ব্যবহার করার জন্য অনুমোদিত। তাদের এই ডিরেক্টরি তথ্য বিজ্ঞাপন, মার্কেটিং, অথবা অন্যান্য বানিজ্যিক উদ্দেশ্যে এই তথ্য বিক্রয়, ব্যবহার, অথবা শেয়ার করা অনুমোদিত নয়।

আপনার কী কী অপশন রয়েছে?

- আপনি যদি চান যে আপনার সন্তান সেভ ফর কলেজ প্রোগ্রামে যোগ দিক এবং আপনার সন্তানের স্কলারশীপ অ্যাকাউন্টে \$100 অর্থায়ন করা হোক, তবে আপনাকে কিছু করতে হবে না।
- আপনার সন্তানের ডিরেক্টরি তথ্য শেয়ার করতে আপনি যদি না চান, তবে পরবর্তী পৃষ্ঠায় ফর্মটি পূরণ করুন। এর অর্থ হচ্ছে, আপনার সন্তান অংশগ্রহণ করবে না এবং কোনও অ্যাকাউন্ট পাবে না। **12/16/2022** তারিখের মধ্যে আপনার স্কুল সেজেক্টারির কাছে জমা দিন। এই ফর্ম সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন।

এই প্রোগ্রাম সম্পর্কে আপনার কোনও প্রশ্ন আছে কি? NYC কিডস্ রাইজ হটলাইনে 833-543-7473 নম্বারে ফোন করুন অথবা

SavingTogether@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

OFFICE NOTE: For kindergarten and newly enrolled first graders.
Keep all returned Opt-Out Notices in the student’s Cumulative Folder indefinitely.
T&I 33273 District Opt Out Notice and Form 11.1.22 (Bangla) | Page 1 of 2

সেভ ফর কলেজ প্রোগ্রাম
থেকে পিতামাতা ও অভিভাবকের নাম প্রত্যাহার নোটিশ এবং ফর্ম

সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে নাম প্রত্যাহারের ফর্ম

আপনি যদি আপনার সন্তানকে অংশগ্রহণ করাতে না চান, শুধুমাত্র তাহলেই এই ফর্মটি পূরণ ও স্বাক্ষর করুন। 12/16/2022 তারিখের মধ্যে আপনার স্কুল সেক্রেটারির কাছে জমা দিন।

আমার সন্তানের পিতামাতা/অভিভাবক হিসেবে, আমি চাই না যে, আমার সন্তানের ডিরেক্টরি তথ্য শেয়ার করা হোক। আমি বুঝি যে এই ডিরেক্টরি তথ্য প্রত্যাহারের ফলে, একটি স্কলারশীপ অ্যাকাউন্ট আমার সন্তানের জন্য কোনও অর্থ অন্তর্ভুক্ত হবে না এবং আমার সন্তান কোনও স্কলারশীপ অ্যাকাউন্ট অর্থ পাবে না।

শিক্ষার্থীর প্রথম নাম:	শিক্ষার্থীর শেষ নাম:
স্কুলের নাম:	শিক্ষার্থীর অফিশিয়াল ক্লাস: অফিশিয়ালভাবে যে গ্রেডে পড়ছে:
পিতামাতা/অভিভাবকের নাম ইংরেজি বড় অক্ষরে:	স্বাক্ষর:
তারিখ:	